দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 19 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

# শিক্ষক ও কর্মকর্তাদের অনিয়ম তুলে ধরে কুবি ভিসিকে উড়ো চিঠি

## অনুলিপি পেয়েছেন জেলা প্রশাসকও

■ **কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) কয়েকজন শিক্ষক ও কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি-অনিয়মের অভিযোগ তুলে উপাচার্য ড. মো. আলী আশরাফের কাছে উড়ো চিঠি পাঠানো হয়েছে। চিঠিতে মেধা ও দক্ষতার ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন সাজানোর আহ্বান জানানো হয়। চিঠির প্রেরক 'সমাজ চেতন্না নাগরিক সমাজের কুমিল্লা শাখা'। চিঠিতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, কুমিল্লার জেলা প্রশাসক, পুলিশ সুপার, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, কুমিল্লার দুর্নীতি দমন কমিশন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতিকে চিঠির অনুলিপি দেওয়া হয়েছে। চিঠিতে কয়েকজন কর্মকর্তাকে মাদকসেবী ও জুয়াড়ি হিসেবেও অভিহিত করা হয়েছে।

চিঠিতে আরো বলা হয়, বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষক বিভিন্ন পেশাগত সনদ (পিএইচডি ডিগ্রি) জালিয়াতি করে চাকরি করছেন। বিভিন্ন শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকের ওপর জরিপ করে জানা যায়, এই সমস্ত অদক্ষ, নেশাগ্রস্ত, অনিয়মকারীর নিকট থেকে কোনো ধরনের প্রশাসনিক সুবিধা পাওয়া যায় না এবং ভবিষ্যতে পাওয়ার সম্ভাবনাও নেই।

কুমিল্লা জেলা প্রশাসক মো. হাসানুজ্জামান কল্লোল চিঠির বিষয়ে বলেন, প্রতিদিন অনেক চিঠিই আমার কাছে আসে। এ রকম একটি চিঠির অনুলিপি মনে হয় আমি পেয়েছি।

উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফ বলেন, 'আমি সকল চিঠিই রেজিস্ট্রারকে মার্ক করে দেই।' তিনি চিঠির বিষয়ে রেজিস্ট্রার ও উপাচার্যের ব্যক্তিগত সহকারীর সাথে যোগাযোগ করতে বলেন।

কিছু দিন আগে চিঠিটি পাঠানো হলেও অতি সম্প্রতি বিষয়টি সাংবাদিকদের নজরে আসে।